“ছিঃ ছিঃ! এটা ফেলে দাও। তুমি কি জান না যে, আমরা সাদকাহ খাই না?”

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, হাসান ইবন আলী রাদিয়াল্লাহু ‘আনহু সাদকার একটি খুরমা নিয়ে তাঁর মুখে রাখলেন। তা দেখে রাসূলুল্লাহ রাদিয়াল্লাহু ‘আনহু বললেন, “ছিঃ
ছিঃ! এটা ফেলে দাও। তুমি কি জান না যে, আমরা সাদকাহ খাই না?” অপর বর্ণনায় এসেছে,
”নিশ্চয় আমাদের জন্য সাদকাহ হালাল নয়”। [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

“হাসান ইবন আলী রাদিয়াল্লাহু ‘আনহু সাদকার একটি খেজুর নিয়ে তার মুখে রাখলেন। তা দেখে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “ছিঃ ছিঃ!” অর্থাৎ তা তোমার জন্য উপযোগী নয়। তারপর তিনি তাকে মুখ থেকে তা বের করে ফেলে দিতে নির্দেশ দিলেন এবং বললেন, নিশ্চয় আমাদের জন্য সাদকাহ হালাল নয়। সুতরাং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পরিবারের জন্য সাদকা হালাল নয়। কারণ, তারা সবচেয়ে সম্মানিত ব্যক্তি। আর সাদকাহ ও যাকাত মানুষের ময়লা। সম্মানিত ব্যক্তিদের জন্য উপযোগী হবে না যে, তারা মানুষের ময়লা-আবর্জনা গ্রহণ করবে। যেমনটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার চাচা আব্বাস ইবন আব্দুল মুত্তালিবকে বলেছিলেন, আমরা আলে মুহাম্মাদ, আমাদের জন্য সাদকাহ হালাল নয়। কারণ, তা হলো মানুষের আবর্জনা।

http://www.sunnah.global/hadeeth/bn/show/10102